# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 05 April, 2025

কোটা সংস্কার আন্দোলন চলাকালে ঢাকার মিরপুরে পুলিশের গুলিতে নিহত ' বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' - এর অন্যতম সমন্বয়ক শহীদ ইঞ্জিনিয়ার রাকিবুল হোসেনের কবর জিয়ারত করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম সদস্য সচিব তারেক রেজা।

হরিনাকুন্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের বাসুদেবপুর নিজ গ্রামে শায়িত শহীদ রাকিবুলের কবর জিয়ারত করেন তিনি।জাতীয় নাগরিক পার্টির যুগ্ম সদস্য সচিব তারেক রেজার নেতৃত্বে শহীদ রাকিবুলের কবর জিয়ারত ও বিশেষ দোয়া মোনাজাতে অংশ নেন দলটির নেতাকর্মীরা।কবর জিয়ারতের পর সমাধিস্থলে উপস্থিত শহিদ রাকিবুলের স্বজনদের সঙ্গে কথা বলেন তারেক রেজা।এরপর তিনি শহীদ রাকিবুলের বাসুদেবপুরের বাড়িতে উপস্থিত হয়ে তার মা বাবা, ও পরিবারের সদস্যদের সাথে সাক্ষাৎ করে ঈদের শুভেচ্ছা ও কুশলাদি বিনিময় করেন। তিনি শহীদ রাকিবুলের পরিবারের সদস্যদের কথা শোনেন এবং সমবেদনা জানান।এক পর্যায়ে তিনি আবেগাপ্লুত হয়ে পড়েন।তিনি নিহত রাকিবুলের মায়ের হাতে ঈদ উপহার ও আর্থিক সহায়তা তুলে দেন।সেসময় তার সঙ্গে ছিলেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম আহ্বায়ক আবু হাসনাত তানাইম, হরিণাকুন্ডু উপজেলার আহ্বায়ক রফিকুল ইসলাম, সহযোদ্ধা তৌফিক আলম, ধ্রুবসহ অন্যান্য নেতৃবৃন্দ।

তারেক রেজা বলেন, শহিদদের ঋণ কখনো শোধ করা যাবে না।তাদের অবদানের কথা স্মরণ করে তিনি আরও বলেন, বর্তমান অন্তর্বর্তী সরকার সবসময় শহিদ পরিবারের পাশে থাকবে। রাকিবুলের মতো এমন অসংখ্য মানুষ বিগত ফ্যাসিস্টদের হাতে নির্মমভাবে খুনের শিকার হয়েছেন।বর্তমান সরকার এ সকল হত্যাকাণ্ডের বিচার বাস্তবায়নে তৎপর রয়েছে।ভুক্তভোগী এ সকল পরিবারের পাশে দাঁড়ানো আমাদের দায়িত্ব ও কর্তব্য।তিনি আরও বলেন, কোটা সংস্কার আন্দোলনে হত্যাকান্ডে জড়িত সকলকে বিচারের আওতায় আনা হবে।

জাতীয় নাগরিক পার্টি কোটা সংস্কার আন্দোলন হত্যাকান্ড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:20

URL: https://www.timestodaybd.com/khulna/92639319